# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**SECOND YEAR [BATCH 2016-19]**
**B.A./B.Sc. FOURTH SEMESTER (January – June) 2018**
**Mid-Semester Examination, March 2018**

Date : 14/03/2018
**BENGALI (Honours)**
Time : 2 pm – 4 pm
Paper : IV
Full Marks : 50

**(প্রত্যেক বিভাগের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার করো)**

## বিভাগ - ক

১। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১০]

ক) বাংলা প্রবন্ধ সাহিত্যের ধারা সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। [১০]

খ) প্রবন্ধের সংজ্ঞা লেখো। প্রবন্ধের শ্রেণিবিভাগ করো। প্রতিটি শ্রেণিবিভাগের বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো। [২+৩+৫]

২। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১০]

ক) রাজনৈতিক উপন্যাস কাকে বলে? রাজনৈতিক উপন্যাস হিসেবে 'ঘরে-বাইরে'-র মূল্যায়ন করো। [৩+৭]

খ) 'ঘরে-বাইরে' উপন্যাসে নিখিলেশ চরিত্রের গুরুত্ব আলোচনা করো। [১০]

৩। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১০]

ক) বিবর্তনমুখী জনজীবনের কথাকাররূপে ঔপন্যাসিক তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব আলোচনা করো। [১০]

খ) বাংলা ছোটগল্পের ইতিহাসে ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের অবদান নিজের মতো করে বিশ্লেষণ করো। [১০]

৪। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×৫]

ক) ''বাদশাহজাদীদের আবার ভালোবাসা!'' — কোন্ প্রসঙ্গে, কে একথা বলেছে? উক্তিটির মধ্য দিয়ে বক্তা চরিত্রের কোন্ দিক পরিস্ফুট হয়েছে? [১+১+৩]

খ) ''তাঁহাকে পাইব, আমি কি এমন ভাগ্য করিয়াছি? আমি বিকাইতে চাহিলে তিনি কি কিনিবেন?'' —বক্তা কে? কাকে এসকল কথা সে বলেছে? এবং কেন? [১+১+৩]

৫। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×৫]

ক) ''মনটা সহসা একটা বৃহৎ বোঝার মতো হইয়া বুকের শিরা ধরিয়া দুলিতে লাগিল।''
—বক্তার এমন অনুভূতি কখন হয়েছিল? কেন হয়েছিল? [২+৩]

খ) ''ছিদামের দিন এবং রাত্রিগুলির মধ্যে কে যেন বিষ মিশাইয়া দিল।'' —ছিদামের এমন অনুভূতির কারণ কী? এই অনুভূতির প্রতিক্রিয়া কেমন ছিল? [২+৩]

## বিভাগ - খ

৬। বাচ্য পরিবর্তন করো। [১×৫]

ক) এ জমি লইব কিনে। (ভাববাচ্যে)

খ) আপনাকে কি আর কোথাও যেতে হবে? (কর্তৃবাচ্যে)

গ) অর্জুন কর্ণকে মারিয়া ফেলিলেন। (কর্মবাচ্যে)

ঘ) পথ দেখাও। (ভাববাচ্যে)

ঙ) ঈশ্বর প্রজাদিগকে তিতিক্ষাশক্তি প্রদান করিয়াছেন। (কর্মবাচ্যে)

৭। নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করো। [১×৫]

ক) তখন আশ্রমের পরিধি বড় ছিল না। (অস্ত্যর্থক বাক্যে)

খ) তাহার আভাস পাইতাম কিন্তু নাগাল পাইতাম না। (সরল বাক্যে)

গ) সাঁতার জানলে আবার ভয় কিসের? (জটিল বাক্যে)

ঘ) সকলে আসিয়া কাঁদিয়া পড়িল। (যৌগিক বাক্যে)

ঙ) ওরা কেউ এর আগে প্রজ্বলন্ত আগ্নেয়গিরি দেখেনি। (প্রশ্নবোধক বাক্যে)

——————— × ———————